সিলেটে শহীদ জিয়ার স্মৃতিবিজড়িত বাসিয়া খাল করলেন প্রধানমন্ত্রী



বাসিয়া খাল পুনর্খনন কর্মসূচির উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি : সংগৃহীত

সিলেট সদর উপজেলার কান্দিগাঁও ইউনিয়নে বাসিয়া খাল পুনঃখনন কার্যক্রম উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২ মে) মাসুকবাজার এলাকায় কুদাল হাতে কাজের সূচনা করেন তিনি এবং পরে খালের পাড়ে বৃক্ষরোপণেও অংশ নেন।

প্রধানমন্ত্রী বলেন, ১৯৭৭ সালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের উদ্যোগে খনন করা এই খাল দীর্ঘদিন অবহেলায় প্রায় অচল হয়ে পড়ে। পুনঃখনন শেষ হলে প্রায় ৮০ হাজার কৃষক সরাসরি উপকৃত হবেন এবং আরও দেড় লাখ কৃষকের জীবিকায় ইতিবাচক প্রভাব পড়বে। এতে বছরে প্রায় ৭ হাজার টন অতিরিক্ত ফসল উৎপাদনের সম্ভাবনাও তৈরি হবে।

৪০ কিলোমিটার দীর্ঘ খালের প্রথম ধাপে ২৩ কিলোমিটার খনন ও দুই পাড়ে প্রায় ৫০ হাজার গাছ লাগানোর পরিকল্পনা রয়েছে। কাজ শেষ করতে দুইটি শুষ্ক মৌসুম লাগতে পারে বলে জানান তিনি।

দিনব্যাপী সফরে প্রধানমন্ত্রী হজরত শাহজালাল (রহ.) মাজার জিয়ারত, বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প উদ্বোধনসহ বিভিন্ন কর্মসূচিতে অংশ নেন এবং রাতে ঢাকায় ফেরার কথা রয়েছে।